দৈনিক খবর

তারিখ ২৩ APR 1989
পৃষ্ঠা ৭ কলাম ৭

৩৮

# ছাত্র সংগ্রাম পরিষদের বিক্ষোভ

।। স্টাফ রিপোর্টার।।

আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময়সূচী পরিবর্তনের দাবীতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ গতকাল শনিবার সকালে ঢাকা বোর্ড অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করে।

পরিষদের উদ্যোগে সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর কেন্টিন থেকে এক বিক্ষোভ মিছিল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে বোর্ড অফিসে যায়। এ সময় সংগ্রাম পরিষদের একটি প্রতিনিধি দল বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে বৈঠকে মিলিত হন। বৈঠকে চেয়ারম্যান জানান যে, বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষার সময়সূচী পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছেন এবং কয়েকদিনের মধ্যে পরিবর্তিত সময়সূচী ঘোষণা করা হবে। পরিষদের প্রতিনিধি দলে ছিলেন ডাকসু ভিপি ছাত্রনেতা সুলতান মোহাম্মদ মনসুর আহমদ, মোস্তফা ফারুক, জহিরুদ্দিন স্বপন, আক্তার সোবহান মাসরুর, আজিজুল হক ও মাসুদুর রহমান।

বিপ্লবী ছাত্র ধারার সভাপতি আমিরুল হক আমিন ও সাধারণ সম্পাদক নাজমুল আমিন অবিলম্বে এইচএসসি পরীক্ষার সময়সূচী পরিবর্তনের দাবী জানান।